



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/০৩/

তারিখ :

বিষয় : স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি।

সূত্র : অধ্যক্ষ মহোদয়ের ১৫-০১-২০১৭ তারিখের অনলাইনে প্রেরিত (আইডি নং-৯২৪৭) আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানান যাচ্ছে যে, নিম্নে প্রদত্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে অত্র কলেজের বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার স্বীকৃতির মেয়াদ ০১-০৭-২০১৬ খ্রি. হতে ৩০-০৬-২০২১ খ্রি. তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) বছরের জন্য বৃদ্ধি করা হল। এর পরিপ্রেক্ষিতে কলেজের শিক্ষার্থীগণ ২০২২ সাল পর্যন্ত অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নিম্ন লিখিত বিভাগ ও এর অন্তর্ভুক্ত নির্দিষ্ট বিষয়গুলির জন্য নিয়মিত শিক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, কলেজের পরবর্তী স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির সময়ে নিম্নোক্ত শর্তাবলী পূরণ এবং অন্যান্য কার্য সমন্ধে সন্তোষজনক রিপোর্টের উপর নির্ভর করবে।

- ১) **আবশ্যিক বিষয় সমূহ :** বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল বিভাগের জন্য)
- ২) **নৈর্ব্যক্তিক বিষয় সমূহ :**
- ক) **মানবিক বিভাগ :** পৌরনীতি ও সূশাসন, অর্থনীতি, যুক্তিবিদ্যা, ভূগোল, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইতিহাস উচ্চতর বাংলা, সমাজ কর্ম, গার্হস্থ্য বিজ্ঞান, কৃষিশিক্ষা।
- খ) **ব্যবসায় শিক্ষা বিভাগ :** হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল ওপরিসংখ্যান।
- গ) **বিজ্ঞান বিভাগ :** পদার্থ, রসায়ন, জীববিদ্যা ও উচ্চতর গণিত।

শর্তাবলী :

- ১। প্রতি বিভাগে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে।
- ২। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ৩। যথাযথ মর্যাদায় জাতীয় দিবস গুলি উদযাপন করতে হবে।
- ৪। শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ৫। কলেজ চত্বরে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগানো ও পরিচর্যা করতে হবে।
- ৬। কলেজে সীমানা প্রাচীর নির্মাণ ও অবকাঠামো উন্নয়ন করতে হবে।
- ৭। লাইব্রেরিতে পাঠ সহায়ক বই এর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- ৮। বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহসহ কৃতি লেখকদের পাঠ সহায়ক বই ক্রয় করতে হবে।
- ৯। কলেজের সকল বিজ্ঞপ্তি বোর্ডের ওয়েব সাইট হতে সংগ্রহ করতে হবে।
- ১০। ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে “উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন” বিষয়ের শিক্ষার্থীদের ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের পরীক্ষার বিশেষ অনুমতি বাবদ ৩০০০/- (তিন হাজার) টাকা ফিস জমা দিয়ে পরীক্ষার অনুমতি গ্রহণ করতে হবে।

অধ্যক্ষ

তালা সরকারি কলেজ

ডাকঘর: তালা, সাতক্ষীরা

স্বাক্ষর

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

যশোর

ফোন-০৪২১-৬৮৬৩৮

স্মারক নং- ক/অ/ ১৪৫(৬)/৫-৬

তারিখ : ০৬/২/২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩। জেলা প্রশাসক, সাতক্ষীরা
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৬। অফিস নথি।

স্বাক্ষর

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

০৬/২/২০১৭